গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

নং-১৫.৫৮.০০০০.০০০.১০৩.০৬.০৪০৭.০৩(অংশ-৪).৩৪৩

তারিখ: ২৪ চৈত্র ১৪৩২ / ০৭ এপ্রিল ২০২৬

**বাংলাদেশ ফিল্ম আর্কাইভের মার্চ, ২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী :**

সভাপতি : ম. জাভেদ ইকবাল, মহাপরিচালক
সভার তারিখ : ০৭ এপ্রিল, ২০২৬
সভার সময় : সকাল ১০.০০টা
স্থান : সভাকক্ষ, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ইতোপূর্বে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর ওপর কারো কোনো মতামত/সংশোধনীর প্রস্তাব থাকলে তা অবহিত করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানান। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়। অতঃপর সভায় শাখাভিত্তিক অনিষ্পন্ন বিষয়াদি নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

**(ক) ফিল্ম ও অপারেশন শাখা**

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | চলচ্চিত্র/তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/ ফিল্ম মিউজিয়ামের সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ ও সংরক্ষণ | চলচ্চিত্র ও চলচ্চিত্র সংশ্লিষ্ট দ্রব্যাদি সংগ্রহ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, মার্চ, ২০২৬ মাসে জাজ মাল্টিমিডিয়া থেকে ডিজিটাল পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ডুব, রিয়েল এনার্জি প্রোডাকশন থেকে ডিজিটাল পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র বরবাদ, এবং জাজ মাল্টিমিডিয়া থেকে ৩২টি বিভিন্ন চলচ্চিত্রের পোষ্টার সংগ্রহ করা হয়। এছাড়া ডোপ প্রোডাকশন প্রাঃ লিঃ থেকে ডিজিটাল পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র উৎসব সংগ্রহ করা হয়। বিভিন্ন উৎস থেকে সংগৃহীত ৩৫মি.মি/১৬মি.মি চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামান্যচিত্র মার্চ, ২০২৬ পর্যন্ত সর্বমোট সংগ্রহ ৭,০২৪টি এবং বিভিন্ন উৎস থেকে সংগৃহীত ডিজিটাল চলচ্চিত্র/তথ্যচিত্র/প্রামান্যচিত্র মার্চ, ২০২৬ পর্যন্ত সর্বমোট সংগ্রহ ৮,২৫২টি। মার্চ ২০২৬ মাসে ফিল্ম মিউজিয়ামের জন্য অনন্যা মুভিজ এন্ড এ্যাড এর সত্বাধিকারী জনাব মো. মাহমুদ কলি থেকে মিউজিয়ামের ১৬টি ক্রেস্ট এবং বিভিন্ন পুরস্কার সংগ্রহ করা হয়। এছাড়া চলচ্চিত্রগ্রাহক মাসুদ-উর-রহমান এর নিকট থেকে চলচ্চিত্র সংশ্লিষ্ট বই ও ব্যবহৃত বিভিন্ন জিনিসপত্র সংগ্রহ করা হয়। | চলচ্চিত্র সংগ্রহ ও সংরক্ষণ কাজ অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (লাইব্রেরি ও গবেষণা/আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ২ | চলচ্চিত্র, তথ্যচিত্র, প্রামাণ্যচিত্র, সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর | ফিল্ম ভল্টে রক্ষিত পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর করার বিষয়ে সভায় অবহিত করা হয়। মার্চ ২০২৬ মাসে ০২টি পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র (দিন যায় কথা থাকে, যাদুর বাঁশি) ও ০৪টি তথ্যচিত্র/ প্রামাণ্যচিত্র/ সংবাদচিত্র ডিজিটাল ফরমেটে রূপান্তর হয়েছে মর্মে জানানো হয়। | ফিল্ম ডিজিটাইজেশনের সংগ্রহ সংখ্যা বৃদ্ধির জন্য কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), এসএই-১ |
| ৩ | চলচ্চিত্র প্রদর্শনী ও ফিল্ম চেকিং | মার্চ ২০২৬ মাসে বাংলাদেশ ফিল্ম আর্কাইভের প্রজেকশন হলে সাপ্তাহিক পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র ০১টি চলচ্চিত্র প্রদর্শনী হয়।<br>মার্চ ২০২৬ মাসে পূর্ণদৈর্ঘ্য চলচ্চিত্র, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র, প্রামাণ্যচিত্র, তথ্যচিত্র ও সংবাদচিত্র ৫৬টি চেকিং করা হয়েছে। | কার্যক্রম অব্যাহত রাখতে হবে। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার |
| ৪ | ফিল্ম আর্কাইভ পরিদর্শন | মার্চ ২০২৬ মাসে সরকারি বেসরকারি স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় থেকে বাংলাদেশ ফিল্ম আর্কাইভ পরিদর্শনে কেউ আসেনি। | পরিদর্শন সংখ্যা বৃদ্ধির উদ্দেশ্যে দপ্তরের ওয়েবসাইটে এ সংক্রান্ত বিষয়ে প্রচারনার ব্যবস্থা করা। | পরিচালক, উপপরিচালক (আর্কাইভ), ফিল্ম অফিসার |

